গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.০০০.৩০১.৭৩.০১৪(০০৪).২৬-৩৫৫

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ। / ১৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর (৮৩-৯৬)/২০২৬)(সমন্বিত)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন:

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট	পদের নাম, গ্রেড ও সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী)	অভিজ্ঞতা ও অন্যান্য	শিক্ষাগত যোগ্যতা [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড	০১.১০.২০২৬ তারিখে বয়সসীমা
১	২	৩	৪	৫	৬	৭	৮
ক্রমিক নম্বর-৮৩ ইউনিট-০৭ **পুন: নিয়োগ বিজ্ঞপ্তি**	আইন কর্মকর্তা (গ্রেড-৯) ০১টি অস্থায়ী পদ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তর।	টাকা: ৪৪,০০০-১,০৫,৯০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী; (খ) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক আইন পেশা চর্চার সনদপ্রাপ্ত;	আইনজীবী হিসাবে কোন আদালতে মামলা পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	১৩৪	৩২ বছর
ক্রমিক নম্বর-৮৪ ইউনিট-১৯	"বয়লার পরিদর্শক" (গ্রেড-৯) ০২ (দুই)টি স্থায়ী পদ।	শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়।	টাকা: ৪৪,০০০-১,০৫,৯০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রি; এবং (খ) কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।	-	৩১২	৩২ বছর
ক্রমিক নম্বর-৮৫ ইউনিট-১৯	"সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী (গ্রেড-২)" (গ্রেড-৯) ০১ (এক)টি অস্থায়ী পদ।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন	টাকা: ৪৪,০০০-১,০৫,৯০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	কোন স্বীকৃতি ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল বা টেকনিক্যাল বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।	-	৩০৫, ৩০৬, ৩১২,	৩২ বছর

ক্রমশ:/২

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট	পদের নাম, গ্রেড ও সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী)	অভিজ্ঞতা ও অন্যান্য	শিক্ষাগত যোগ্যতা [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড	০১.১০.২৬ তারিখে বয়সসীমা
ক্রমিক নম্বর-৮৬ ইউনিট-১৮	গবেষণা কর্মকর্তা, (গ্রেড-৯) ০১ (এক) টি স্থায়ী পদ।	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	টাকা: ৪৪,০০০-১,০৫,৯০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/লোক প্রশাসন/সমাজকল্যাণ/ সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/গণিত/ বাণিজ্য বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে এমবিএ ডিগ্রি।	পরিকল্পনা ও গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	১০৯, ১১৮, ১৫০, ১৫৬, ১৫৭, ১৫৯, ১৩৯, ১১২, ১০১, ১২১, ১৩৭, ১৩৮, ১৯৯	৩২ বছর তবে সরকারি চাকুরিতে নিয়োজিত ব্যক্তিদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিল যোগ্য।
ক্রমিক নম্বর-৮৭ ইউনিট-০৩	সাব-রেজিস্ট্রার (গ্রেড-৯) ৮৪টি স্থায়ী পদ।	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ	টাকা: ৪৪,০০০-১,০৫,৯০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	"কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪(চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) অথবা স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী"	-	১০১-৯৯৯	৩২ বছর
ক্রমিক নম্বর- ৮৮ ইউনিট-১৭	"প্রটোকল অফিসার" (গ্রেড-১০), ০১টি, অস্থায়ী পদ।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	টাকা: ৩২,০০০-৭৭,৩০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।		১০১-৯৯৯	৩২ বছর
ক্রমিক নম্বর- ৮৯ ইউনিট-৬	"সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার" (গ্রেড-১০), ০৭ টি অস্থায়ী পদ।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর।	টাকা: ৩২,০০০-৭৭,৩০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল/ কম্পিউটার/ সফটওয়্যার প্রকৌশল বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ।	-	১৫,২০,২১,২৩,২৪ ২৫,২৬,৩১,৩২,৩৪ ৩৫,৩৬,৩৮,৪১,৫১ ও ৫৭	৩২ বছর।
ক্রমিক নম্বর-৯০ ইউনিট-১০	'সহকারী প্রটোকল অফিসার' (গ্রেড-১০), ০১(এক)টি অস্থায়ী পদ।	রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ	টাকা: ৩২,০০০-৭৭,৩০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।	-	১০১-৯৯৯	৩২ বছর।

ক্রমশ:/৩

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট	পদের নাম, গ্রেড ও সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী)	অভিজ্ঞতা ও অন্যান্য	শিক্ষাগত যোগ্যতা [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড	০১.১০.২৬ তারিখে বয়সসীমা
ক্রমিক নম্বর-৯১ ইউনিট-০২ **পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**	ফটো টেকনিশিয়ান (গ্রেড-১০), ০৩ (তিন) টি (অস্থায়ী) পদ।	বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়	টাকা: ৩২,০০০-৭৭,৩০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম বিভাগে ডিপ্লোমা পাশ; অথবা	-	৯০	৩২ বছর
				(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।	ফটো টেকনিশিয়ান ট্রেড কোর্স সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	১০১-৯৯৯	
ক্রমিক নম্বর-৯২ ইউনিট-০৭ **পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**	এ্যাসিসটেন্ট ট্রেনার (গ্রেড-১১) ০৯টি স্থায়ী ও অস্থায়ী পদ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	টাকা: ২৫,০০০-৬০,৫০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা অথবা FWV (Family Welfare Visitor) প্রশিক্ষণ/ডিপ্লোমা; (খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত।	কোন সরকারী /স্বায়ত্বশাসিত সংস্থায় নার্সিং এর কাজে ০৪ (চার) বৎসরের অথবা পরিবার কল্যাণ পরিদর্শন কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।	৮২ ৯১	৩২ বছর
ক্রমিক নং-৯৩ ইউনিট-১১	সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) (বৃত্তিমূলক, বাণিজ্যিক, শিল্প ও নকসা শাখা) (গ্রেড-১১) ০২ (দুই) টি স্থায়ী পদ। **কেবল মহিলা প্রার্থীদের জন্য।**	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর।	টাকা: ২৫,০০০-৬০,৫০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	কোন অনুমোদিত চারুকলা মহাবিদ্যালয় হতে চারুকলায় ন্যূনপক্ষে ডিপ্লোমা।	কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হবে।	৫৫	৩২ বছর।
ক্রমিক নং-৯৪ ইউনিট-১১	সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) (হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা) (গ্রেড-১১) ০২ (দুই) টি স্থায়ী পদ। **কেবল মহিলা প্রার্থীদের জন্য।**	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর।	টাকা: ২৫,০০০-৬০,৫০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	বাংলাদেশ ক্ষুদ্রশিল্প সংস্থা, মহিলা বিষয়ক পরিদপ্তর বা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ডিপ্লোমা।	কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হবে।	৫৬	৩২ বছর।

ক্রমশ:/৪

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট	পদের নাম, গ্রেড ও সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী)	অভিজ্ঞতা ও অন্যান্য	শিক্ষাগত যোগ্যতা [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড	০১.১০.২৬ তারিখে বয়সসীমা
ক্রমিক নং-৯৫ ইউনিট-১১	সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) (দপ্তর বিজ্ঞান শাখা) (গ্রেড-১১) ০২ (দুই) টি স্থায়ী পদ। **কেবল মহিলা প্রার্থীদের বিবেচনা করা হবে।**	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর।	টাকা: ২৫,০০০-৬০,৫০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে দপ্তর বিজ্ঞানে ডিপ্লোমা।	কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হবে।	৫৮ ১০১-৯৯৯	৩২ বছর।
ক্রমিক নম্বর-৯৬ ইউনিট-০৭ **পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**	নার্স মিডওয়াইফ (গ্রেড-১২) ১৯টি অস্থায়ী পদ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)।	টাকা: ২৪,৩০০-৫৮,৭০০/- (জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুযায়ী)	(ক) কোন স্বীকৃত নার্সিং ইনস্টিটিউট হতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা; এবং (খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত।	-	৮২	৩২ বছর

বিশেষ দ্রষ্টব্য:

বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ৮৯"সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার" (গ্রেড-১০) পদে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৩ জুন ২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ নং প্রজ্ঞাপন অনুযায়ী ইমার্জিং বিষয়ের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদন সংক্রান্ত নির্দেশাবলি:

সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ১০.০১.২০২৪ তারিখে ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২ নম্বর অফিস আদেশে জারিকৃত নন-ক্যাডার ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেড পদে নিয়োগ পরীক্ষা নীতিমালা-২০২৩ (কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে) এর ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৮৩-৯৬/২০২৬ এর পদসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর	গ্রেড	পদের ধরণ
৮৩-৮৬	৯ম গ্রেড	টেকনিক্যাল/প্রফেশনাল
৮৭	৯ম গ্রেড	নন-টেকনিক্যাল
৮৮,৯০	১০ম গ্রেড	নন-টেকনিক্যাল
৮৯,৯১	১০ম গ্রেড	টেকনিক্যাল/প্রফেশনাল
৯২-৯৫	১১তম গ্রেড	টেকনিক্যাল/প্রফেশনাল
৯৬	১২তম গ্রেড	টেকনিক্যাল/প্রফেশনাল

ক্রমশ:/৫

- **শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:

১.১ প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র Applicant's Copy (BPSC Form-5A) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, SMS এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা অনুসরণ করবেন।

১.২ অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১.১১.২০২৬ খ্রিঃ, দুপুর ১২.০০টা।

১.৩ অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ৩০.১১.২০২৬ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা। এই তারিখের মধ্যে প্রার্থীর অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ, প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে) বিবেচিত হবে। এই তারিখের পরে অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা, প্রশিক্ষণ সনদ(প্রযোজ্য ক্ষেত্রে) না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, নূন্যতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

১.৪ কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ৩০.১১.২০২৬ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ০৩.১২.২০২৬ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে SMS এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না।

১.৫ ফি জমাদানের পূর্ব পর্যন্ত আবেদনপত্রে সংশোধনের সুযোগ রয়েছে। প্রার্থীদের আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিতে হবে। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের

২. **২.১ প্রার্থীর বয়স ০১.১০.২০২৬ তারিখে সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে;**

২.২ কোটা সংক্রান্ত:

কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি অনুচ্ছেদ-৯ এ বর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবে;

২.২.১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

২.২.১.১ কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকায়" না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত গেজেট ও সাময়িক সনদ অথবা

২.২.১.২ গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা

২.২.১.৩ গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ এর কপি Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে জমা দিতে হবে। Applicant's Copy (BPSC Form-5A) তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

২.২.২ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ সত্যায়িত।

২.২.৩ তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

২.২.৪ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি।

৩. **জাতীয়তা:**

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩.২ যেসকল প্রার্থী কোন অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতীত আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

ডিক্লারেশন:

৪. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. **ছবি (Picture) :** BPSC Form-5A সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। **সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।** Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. **স্বাক্ষর (Signature) :** Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান :**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় গত ৩০.১২.২০২৪ তারিখে ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ নং স্মারক অনুযায়ী নিম্নোক্তভাবে **পরীক্ষার ফি** জমা দিবেন:

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর	পদের গ্রেড	"পরীক্ষা ফি" হার (টাকা)
৮৩-৮৭	৯ম গ্রেড	২০০/- (দুইশত)
৮৮-৯১	১০ম গ্রেড	২০০/- (দুইশত)
৯২-৯৫	১১তম গ্রেড	১৫০/- (একশত পঞ্চাশ)
৯৬	১২তম গ্রেড	১৫০/- (একশত পঞ্চাশ)
-	সকল গ্রেড (অনগ্রসর নাগরিক)	৫০/ (পঞ্চাশ)

ক্রমশ:/৭

প্রথম SMS : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।
Example : BPSC NCRPQBCR send to 16222
Reply: Applicant's Name, Tk-200/150/50 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS : BPSC<space> YES <space> Pin লিখে send করুন 16222 নম্বরে।
Example : BPSC YES (8 digit number) send to 16222
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).
বিশেষ দ্রষ্টব্য : If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. **প্রবেশপত্র (Admit card):**

৮.১ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

৮.২ বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা এবং বয়সসীমা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। **প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে, বিজ্ঞপ্তির ৭ নম্বর কলামে উল্লিখিত সংশ্লিষ্ট বিষয় কোড ব্যতীত ভিন্ন বিষয়ের প্রার্থীগণ উক্ত কোড দ্বারা রেজিস্ট্রেশন সম্পন্ন করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

- **বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর -৮৮ এর পদে** বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগবিধিমালা ২০১৪ অনুযায়ী **তফসিল-২ অনুসারে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। নিয়োগ বিধি অনুযায়ী তফসিল-২ নিম্নরূপ;**

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাশ নম্বর	সময়
(ক) লিখিত পরীক্ষা		২০০	৫০%	৩ ঘন্টা
১।	বাংলা	৭৫		
২।	ইংরেজি	৭৫		
৩।	গণিত	২৫		
৪।	সাধারণ জ্ঞান	২৫		
(খ) মৌখিক পরীক্ষা		২৫		
সর্বমোট:		২২৫		

ক্রমশ:/৮

ব্যাখ্যা : (১) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হবে।
(২) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং(Word Processing) এর অভিজ্ঞতা থাকতে হবে।

- **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৮৯ এর পদসমূহে নিয়োগ বিধি অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে।**

৯. মৌখিক পরীক্ষা সংক্রান্ত:

Applicant's Copy (BPSC Form-5A) প্রাপ্তি ও জমাদান: প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে:

৯.১ প্রার্থীকে জমাপ্রদানকৃত সনদ/কাগজপত্রের একটি তালিকা BPSC Form-5A (Applicant's Copy) এর সাথে জমা প্রদান করতে হবে।

৯.২ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (এস.এস.সি/ এইচএসসি/ডিপ্লোমা/ স্নাতক/স্নাতকোত্তর/ বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/ মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বছর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

৯.৩ অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ অর্থাৎ ৩০.১১.২০২৬ তারিখের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখে অর্জিত অর্থাৎ সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের শেষ তারিখ অথবা তারপূর্বে অর্জিত শিক্ষাগত যোগ্যতা সংবলিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৯.৪ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৯.৫ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.৬ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;

৯.৭ অভিজ্ঞতার সনদ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের স্কেল/গ্রেড, চাকরিতে যোগদান এবং পরিত্যাগের সুস্পষ্ট তারিখসহ মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে এনডোর্সকৃত/পৃষ্ঠাংকনকৃত আর্টিকেল-৪৭ ফরম), চাকরি চলমান থাকলে বিজ্ঞপ্তিতে আবেদনপত্র জমাদানের শেষ তারিখে অভিজ্ঞতা গণনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র জমাপ্রদান করতে হবে। ছাড়পত্রের কপি অভিজ্ঞতার সনদ হিসেবে বিবেচিত হবে না;

৯.৮ কমিশন সচিবালয়ের ১৫.০২.২০১২ তারিখের ২৩৩ নং অফিস আদেশ অনুযায়ী পিএসসি কর্তৃক গৃহীত বিভিন্ন নন-ক্যাডার পদে নিয়োগের ক্ষেত্রে যে সকল পদে নিয়োগের জন্য অভিজ্ঞতা চাওয়া হয় সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য চাহিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে;

৯.৯ বিজ্ঞাপিত কোনো পদের অভিজ্ঞতার শর্তে সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা চাওয়া হলে আবেদনকারী প্রার্থীদের উক্ত প্রতিষ্ঠান/সংস্থা সংবিধিবদ্ধ সংস্থা মর্মে কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে। সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান বলতে এমন কর্তৃপক্ষ সংস্থা বা প্রতিষ্ঠান বোঝাবে যার প্রধান প্রধান কার্যাবলী কোনো আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতা সম্পন্ন চুক্তিপত্র দ্বারা অর্পিত;

৯.১০ জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৯.১১ নির্দেশাবলীর ২.২ নং ক্রমিকে উল্লিখিত কোটার প্রমাণক দাখিল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

ক্রমশ:/৮

৯.১২ বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;

৯.১৩ ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবি;

৯.১৪ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

৯.১৫ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

১০. বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১ (এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) অনুচ্ছেদ-৯ এ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি সহ জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

১২. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। অনলাইনে পূরণকৃত Applicant's Copy (BPSC Form-5A) এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

১৩. BPSC Form-5A (Applicant's Copy) জমাপ্রদানের শেষ তারিখের পর Applicant's Copy তে কোনো ধরণের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৪. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৫. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

১৬. যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।

১৭. শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের সরকারী কর্ম কমিশন থেকে শ্রুতিলেখক প্রদান করা হবে। এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত তারিখের (পরীক্ষার পুর্বে জারিতব্য বিজ্ঞপ্তি মোতাবেক) মধ্যে অফিস চলাকালীন পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করতে হবে:

১৭.১ অনলাইন আবেদনপত্রের (Applicant's Copy) কপি;

১৭.২ প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

১৭.৩ শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;

১৭.৪ সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি।

**** উল্লেখ্য, শ্রুতিলেখকের জন্য আবেদনকারী প্রার্থীকে কেবল কর্ম কমিশন কর্তৃক মনোনীত শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১৮. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৯. **লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের ভাষা: বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষা তে লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যেকোন একটি'তে লেখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না তবে Technical শব্দসমূহ ইংরেজিতে লেখা যাবে। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।**

২০. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A) এর কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

ক্রমশ:/৯

২১. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি এর ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া, কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সময়ে **১২১, ০১৫০০১২১১২১, ৫৫০০৬৬৫৬** ও **৫৫০০৬৮৩৪** টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২২. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে বা যৌক্তিক কারণে পদ সংখ্যা পরিবর্তন হতে পারে।

২৩. কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোন একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হবে।

২৪. **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

২৫. ১০.০১.২০২৪ তারিখে জারিকৃত ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২ নম্বর অফিস আদেশে **নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ৪.১ অনুসরণে প্রার্থী ও পদের সংখ্যা নির্বিশেষে এবং জরুরি প্রয়োজনে কমিশন তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক কমিশন কর্তৃক পুনর্নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে পারবেন।**

২৬. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান, কর্মরত প্রতিষ্ঠানের ছাড়পত্রের নমুনা এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

১৩/১০/২০২৬

মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)

Ad Non cadre-2026/All Advertisement May//